গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী
www.cevrajshahi.gov.bd



নথি নং- ৫(১২)০৪/কাস-টেক/বন্ড রেজি:/তোয়া/ঈ:ইপি:/২০১৩/ অংশ-১/২৫৩০ তারিখ : ২৫/০৮/২০২৬ খ্রি.।

বিষয় : কাস্টমস হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল খালাসের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : তোয়া পার্সোনাল প্রোটেকটিভ ডিভাইস বিডি লিঃ [ঠিকানা- প্লট নং # ৪৬-৫০ এবং ৫৩-৫৭ (২য় ফেজ), ঈশ্বরদী ইপিজেড, পাক্শী, পাবনা এর ১৯/০৮/২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় সূত্রীয় পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। তোয়া পার্সোনাল প্রোটেকটিভ ডিভাইস বিডি লিঃ [ঠিকানা- প্লট নং # ৪৬-৫০ এবং ৫৩-৫৭ (২য় ফেজ), ঈশ্বরদী ইপিজেড, পাক্শী, পাবনা (বন্ড রেজিস্ট্রেশন নং- ০১/২০১৫, তারিখ: ০৭/০৪/২০১৫ খ্রি., BIN-000274795-1105) নামীয় প্রতিষ্ঠানের আমদানিকৃত কাঁচামাল কাস্টমস হাউস, চট্টগ্রাম থেকে খালাসের অনুমতি প্রদানের জন্য সূত্রীয় পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করা হয়েছে। এ ব্যাপারে জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০৫৬.০১.০০০১.২৬.২৮ তারিখ-২০/০৮/২০২৬ খ্রি. এর মাধ্যমে তোয়া পার্সোনাল প্রটেক্টিভ ডিভাইস লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখা এবং বৈদেশিক মুদ্রা অর্জনের বৃহত্তর স্বার্থে চট্টগ্রাম বন্দরে ছাড়করণের অপেক্ষায় থাকা কাঁচামালের চালানসমুহ পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতা হতে বিয়োজনের শর্তে ছাড়করণের নিমিত্ত প্রয়োজনীয় প্রত্যয়নপত্র ইস্যু করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সে নির্দেশনার আলোকে এবং প্রতিষ্ঠানটির হালনাগাদ নিরীক্ষা ও চলতি মেয়াদের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণের কার্যক্রম চলমান থাকায় সূত্রীয় আবেদন বিবেচনায় রপ্তানির বিষয়টি সচল রাখার স্বার্থে আমদানি নীতি আদেশের শর্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিপালন সাপেক্ষে প্রতিষ্ঠানটির চলতি মেয়াদে প্রদেয় বার্ষিক আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন/সমন্বয়ের শর্তে নিম্নের ছকে বর্ণিত পণ্যচালানটি বন্ডের অধীন নিম্নোক্ত শর্ত সাপেক্ষে খালাসের অনুমতি প্রদান করা হলো:,

(ক) আমানিকৃত কাঁচামাল যথাযথভাবে বন্ড রেজিষ্টারে ইন্টু বন্ড ও এক্স বন্ড করতে হবে;

(খ) বিয়োজনের শর্তে আমদানিকৃত কাঁচামালের পরিমাণ মেশিনের উৎপাদন ক্ষমতার ৮০% অতিক্রম করলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক শুল্ক-করাদি প্রযোজ্য হবে এবং

(গ) বিয়োজনের শর্তে আমদানিকৃত কাঁচামালের পরিমাণ পরবর্তী মেয়াদের প্রাপ্যতা সীমা অতিক্রম করলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক শুল্ক-করাদি প্রযোজ্য হবে।

| Sl. No | Contract No & Date | B/L No & Date | Commercial Invoice No & Date | Description of goods | Total Quantity (Kg/Ctn/Pcs) | Total Value ( USD ) |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 01 | TWBGD-2601 DT.13.05.2026 | HEB126050092 DT.29.05.2026 | TWBGD-2601 DT.13.05.2026 | Polyester Yarn | 120 KG | $ 2482.93 |
| 02 | TW-TYS-2026018 DT.30.06.2026 | HHSE6067302DT.06.07.2026 | TW-TYS-2026018 DT.30.06.2026 | Antioxidant (Conductive Paste) | 180 KG | $ 964.80 |
| 03 | KSI2026/002 DT.26.06.2026 | 83640915 DT.06.07.2026 | KSI 2026/002 DT.26.06.2026 | Pigment (Farsperse Black Pb715) | 400 KG | $ 2,143.40 |
| 04 | TOWA-BD202607147 DT.03.07.2026 | SSLPGCGPCAA1904 DT.25.07.2026 | 90242906 DT.20.07.2026 | Synthetic Rubber | 19,820 KG | $ 53,514.00 |
| 05 | TW-TYS-2026019 DT.22.07.2026 | SSLSHCGPCAD0598 DT.03.08.2026 | TW-TYS-2026019 DT.22.07.2026 | Process Agent (Sodium Chloride-Nacl) Other Than Salt,Pigment, Filler Clay, Pigment | 22,600 KG | $ 10,002.00 |
| 06 | TW-TYS-2026020 DT.29.07.2026 | HDMUSHAA06575600 | TW-TYS-2026020 DT.29.07.2026 | Rubber Thread#80 Active Purple, Nylon Yarn 100d/W Green (Overlock 3L), Nylon Yarn 70d/W (Blue Gray), Tag(Micro Finish) | 4,787.22 KG | $ 33,520.99 |

স্বা:-

(মোঃ রাশেদুল হক)
অ্যাসিস্ট্যান্ট কমিশনার
কমিশনার অব কাস্টমসের পক্ষে
ফোন # ০২৫৮৮৮০১০৭
ই-মেইল : cevc.raj@nbr.gov.bd

প্রাপক : কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, চট্টগ্রাম।

E:\New Bond\প্রত্যয়নপত্র.doc

নথি নং- ৫(১২)০৪/কাস-টেক/বন্ড রেজি:/তোয়া/ঈ:ইপি:/২০১৩/অংশ-১/ ২৪৮০ তারিখ : ২৫/০৮/২০২৬ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

০১। অ্যাসিস্টেন্ট কমিশনার, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।

০২। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা

০৩। সহকারী প্রোগ্রামার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাঁকে পত্রটি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]

০৪। পিএটু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, তোয়া পার্সোনাল প্রোটেকটিভ ডিভাইস বিডি লিঃ [ঠিকানা- প্লট নং # ৪৬-৫০ এবং ৫৩-৫৭ (২য় ফেজ), ঈশ্বরদী ইপিজেড, পাক্শী, পাবনা।

25.08.26

(মোঃ রাশেদুল হক)
অ্যাসিস্টেন্ট কমিশনার।